



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/11/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন নতুনভাবে তৈরি ভেটেরানদের অলাভজনক ক্যাপিটাল কর্মসূচির মাধ্যমে 5 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করা হয়েছে

**নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান সেবা ডিভিশন ক্যাপিটাল উন্নয়ন খরচের ব্যয় পূরণের জন্য যোগ্য অলাভজনক ভেটেরানদের সংগঠনের আবেদন এখন গ্রহণ করছে**

**অনুদান নকশা করা হয়েছে সংগঠনগুলিকে ভেটেরান, সেনা সদস্য ও তাদের পরিবারদের জন্য মানসম্পন্ন সেবা সম্প্রসারিত ও উন্নত করতে সাহায্য করার জন্য**

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্টেটের নতুনভাবে তৈরি ভেটেরানদের অলাভজনক ক্যাপিটাল কর্মসূচির (Veterans' Nonprofit Capital Program) মাধ্যমে 5 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করা হয়েছে। আজকে থেকে শুরু করে, যোগ্য অলাভজনক ভেটেরানদের সংগঠনগুলি স্টেটের ভেটেরান, সেনা সদস্য ও তাদের পরিবারদের জন্য উপলভ্য মানসম্পন্ন সেবা সম্প্রসারিত ও উন্নত করার জন্য নকশাকৃত ক্যাপিটাল উন্নয়নকাজ সম্পর্কিত খরচের ব্যয় পূরণের জন্য আবেদন করতে পারবে। প্রকল্পসমূহের জন্য অর্থায়ন হতে পারে 25,000 মার্কিন ডলার থেকে 75,000 মার্কিন ডলার এবং তা পরিচালিত হবে নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান সেবা ডিভিশন (New York State Division of Veterans' Services, DVS) দ্বারা।

"আমাদের ভেটেরান ও তাদের পরিবারকে সমর্থন করার জন্য করা কাজ অতি গুরুত্বপূর্ণ সেবাদানকারী ভেটেরানদের সংগঠনগুলির মাধ্যমে সম্পূর্ণ সম্প্রদায়ে বিস্তৃত হয়," **গভর্নর হোকল বলেন।** "আজকে উপলভ্য করা 5 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করবে যাতে আমাদের গণতন্ত্র ও স্বাধীনতা রক্ষাকারীদের সেবাদান করতে এই অতি গুরুত্বপূর্ণ সংস্থানগুলির কাছে নিরাপদে ও কার্যকরভাবে তাদের কাজ অব্যাহত রাখার মতো অবকাঠামো থাকে।"

ভেটেরানদের অলাভজনক ক্যাপিটাল কর্মসূচির মাধ্যমে পাওয়া তহবিল নিচের বিষয়গুলিতে সীমাবদ্ধ থাকবে: একটি যোগ্য ফ্যাসিলিটির নকশা, নির্মাণ, পুনর্নির্মাণ, পুনর্বাসন বা সম্প্রসারণ; একটি যোগ্য ফ্যাসিলিটির জন্য আসবাবপত্র বা সরঞ্জাম ক্রয়, যদি সেই আসবাবপত্র বা সরঞ্জাম 10 বছর বা তার বেশি সময় ব্যবহার করা যায়; এবং বিশেষ কিছু নির্মাণের পরোক্ষ খরচ যার মধ্যে স্থাপত্য, প্রকৌশল এবং নকশা রয়েছে। যোগ্য প্রকল্পের মধ্যে রয়েছে ছাদ প্রতিস্থাপন, পার্কিং লটের পেভিং করা, বা ভবনকে আমেরিকানস উইথ ডিজেনিটিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) অনুবর্তী করা, কিন্তু তা এর মধ্যে সীমাবদ্ধ থাকবে না।

**নিউ ইয়র্ক স্টেটের ভেটেরানদের সেবার ডিভিশনের পরিচালক ভিভিয়ানা ডেকোহেন বলেন,** "আমরা পুরো নিউ ইয়র্ক স্টেটব্যাপী সম্প্রদায়গুলিতে আমাদের অংশীদারদের প্রতি কৃতজ্ঞ যারা আমাদের ভেটেরান, সেনা সদস্য এবং তাদের পরিবারকে সমর্থন করা অব্যাহত রাখতে প্রতিদিন কাজ করে। এই সুযোগ সংগঠনগুলিকে অন্তর্ভুক্তিমূলক এবং সেনাবাহিনীতে দায়িত্ব পালন করেছে যারা তারা পেতে পারে এমন পরিবেশে তাদের জীবন বদলে দেওয়ার মতো কাজ অব্যাহত রাখতে একটি অতি গুরুত্বপূর্ণ আর্থিক লাইফলাইন প্রদান করে।"

এই কর্মসূচির উদ্দেশ্যে, স্টেটে ব্যবসা করতে থাকা যেকোনো অলাভজনক সংগঠনকে ভেটেরানদের সংগঠন হিসেবে সংজ্ঞায়িত করা হবে যাদের সদস্যপদ দেওয়া হয় মার্কিন যুক্তরাষ্ট্রের আর্মড ফোর্সের (United States Armed Forces) সদস্য ব্যক্তিদেরকে এবং/অথবা যেই সংগঠনের মূল উদ্দেশ্য হলো দেশের আর্মড ফোর্সের সদস্যদের লাভবান করা।

ভেটেরানদের সেবা ডিভিশন সম্ভাব্য আবেদনকারীদের জন্য একটি ওয়েবিনার আয়োজন করবে বৃহস্পতিবার, 12 জানুয়ারি, 2023 তারিখে, কর্মসূচি এবং আবেদন প্রক্রিয়ার রূপরেখা প্রদানের জন্য। আবেদনকারীদেরকে ওয়েবিনারের অংশগ্রহণ করতে এবং/অথবা [grants@veterans.ny.gov](mailto:grants@veterans.ny.gov) এ ভেটেরানদের অলাভজনক ক্যাপিটাল কর্মসূচির ব্যাপারে প্রশ্ন জমা করতে উৎসাহিত করা হচ্ছে। আবেদনকারীরা আরো তথ্য পাবে [নিউ ইয়র্ক স্টেটের অনুদান গেটওয়ে \(New York State Grants Gateway\)](#) ওয়েবসাইটে, যা তহবিলের জন্য আবেদন করতে অবশ্যই ব্যবহার করতে হবে। আবেদনের শেষ তারিখ 31 মার্চ, 2023, বিকাল 4টা।

### **ভেটেরানদের সেবা ডিভিশন সম্পর্কে**

[নিউ ইয়র্ক স্টেটের ভেটেরানদের সেবা ডিভিশন](#), যা ভেটেরান, সেনা সদস্য এবং সেনা পরিবারগুলির জন্য 1945 সাল থেকে স্টেটের অ্যাডভোকেসি এজেন্সি হিসেবে কাজ করেছে, যারা সকল ভেটেরান, সেনা সদস্য এবং সেনা পরিবারগুলিকে ব্যাপক ব্যাপ্তির অনুশীলন ক্ষেত্রে সেবাদান করার জন্য একটি এজেন্সিব্যাপী অঙ্গীকার বজায় রাখে, যার মধ্যে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের ভেটেরান্স অ্যাফেয়ার্স বিভাগ (United States Department of Veterans Affairs) থেকে ভাতার দাবি ও আপিল, মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বিভাগের (United States Department of Defense) কাছে ডিসচার্জ হালনাগাদকরণ, এবং নিউ ইয়র্ক স্টেট ভাতার দাবি। ভেটেরান, সেনা সদস্য এবং সেনা পরিবারদের উৎসাহিত করা হচ্ছে ডিভিশনের সাথে 888-838-7697 নম্বরে বা [এর ওয়েবসাইটে](#) যোগাযোগ করতে, যাতে তাদের চাহিদা পূরণে এবং তাদের অর্জিত সম্পূর্ণ ভাতা পাওয়ার জন্য একজন স্বীকৃত ভেটেরান ভাতা উপদেষ্টার (Veterans Benefits Advisor) সাথে সশরীরে বা ভার্চুয়ালি দেখা করা যায়। DVS কে ফলো করুন [ফেসবুক](#), [ইন্সটাগ্রাম](#) এবং [টুইটারে](#)।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418